



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৫ জানুয়ারি, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৫ জানুয়ারি, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির উদ্যোগে আয়োজিত তিনদিনব্যাপী ‘ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনোভেশন এন্ড এডুকেশন’ বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সের শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহমেদ।

সকাল ১০টায় সেন্ট্রাল অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ কনফারেন্স আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, বর্তমান সরকার একটি ডিজিটাল ও সমৃদ্ধ বাংলাদেশের জন্য কাজ করে যাচ্ছে। আর এ কনফারেন্স সরকারের কর্মপ্রচেষ্টায় সহায়ক ভূমিকা পালন করবে।

তিনি বলেন, শাবিপ্রবি দেশের প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বর্তমানে গবেষণার ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয় দেশে শীর্ষে অবস্থান করছে এবং বিদেশেও খ্যাতি অর্জন করেছে। শিক্ষা ও গবেষণায় অগ্রগতির এ ধারাকে অব্যাহত রাখতে বিশ্ববিদ্যালয় প্রশাসন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিশেষ করে শিক্ষকদের গবেষণায় উৎসাহ প্রদান করা হচ্ছে এবং এজন্য গবেষণা খাতে আর্থিক বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। এ বছর থেকে গবেষণা বরাদ্দ দ্বিগুণ করা হবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ফনফারেন্সে আগত দেশী-বিদেশী অতিথিদের ক্যাম্পাসে স্বাগত জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইন্দোনেশিয়ার বগর এগ্রিকালচারাল ইউনিভার্সিটির প্রফেসর ড. দারদা ইফেন্দী, মালয়েশিয়ার ন্যাশন্যাল এনার্জি ইউনিভার্সিটির প্রফেসর ড. নওশাদ আমীন এবং মালয়েশিয়ার ফাহাং ইউনিভার্সিটির ড. মো. মাকসুদুর রহমান খান।

স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেসের সভাপতিত্বে অনুষ্ঠানে উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কনফারেন্সের সেক্রেটারি প্রফেসর ড. মো. জহিরুল ইসলাম।